

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির ফেব্রুয়ারি/ ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী :

সভার তারিখ : ১০/০২/২০২২ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়।
সভাপতি : জনাব রোকসানা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সুপারিশসমূহ উপজেলা পরিষদের নিকট প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
১	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন ৪টি পরিবার কল্যাণ কেন্দ্রে কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা কার্য চালু হয়েছে। এখানে প্রতিদিন গড়ে ২০-২৫ জন কিশোর কিশোরী সেবা নিয়ে থাকে। এসময় তাদেরকে কৈশোরকালীন বিভিন্ন শারিরিক ও মানসিক পরিবর্তন ও সমস্যা সম্পর্কে কাউন্সেলিং ও সেবা দেয়া হয়। কিশোরী মেয়েদের জন্য MCH ইউনিট হতে স্যানিটারী প্যাড বিতরণ করা হয়। স্যানিটারী প্যাড চাহিদার তুলনায় অনেক কম বলে কিশোরীদের চাহিদা পূরণ সম্ভব হচ্ছে না। উপজেলা পরিষদের অর্থায়নে ৪টি কৈশোর বান্ধব কার্গারে স্যানিটারী প্যাড সরবরাহ করলে সেবার মান আরও বৃদ্ধি পেল।	৪টি কৈশোর বান্ধব কেন্দ্রে স্যানিটারী প্যাড বিতরণ করার জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হয়।
২	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, লোহাজুরী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটির ছাঁদে বিভিন্ন জায়গায় লিকেজ হওয়ার ফলে ছাঁদটি ডাম্প হয়ে গেছে। অল্প বৃষ্টি হলেই ছাঁদ চুষে পানি পড়ে, দ্রুত ছাঁদটি মেরামত করা প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে অত্র কেন্দ্রে ছাঁদটি মেরামত করার বিষয়ে উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রোকসানা)

মহিলা ভাইস চেয়ারম্যান


ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:





- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৬। অফিস কপি।


১০/০২/২০২২

(সাইদুর রহমান)

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভার হাজিরা : তারিখ : ১০/০৭/২২

ক্রঃ নং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১.	জনাব রোকসানা	মহিলা ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ	সভাপতি	
২.	জনাব রেজাউল করিম শিকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সদস্য	
৩.	জনাব আবু বকর সিদ্দিক	চেয়ারম্যান, মসূয়া ইউপি	সদস্য	
৪.	জনাব মতিউর রহমান	চেয়ারম্যান, আচমিতা	সদস্য	
৫.	জনাব সাইদুর রহমান	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কটিয়াদী	সদস্য সচিব	